দৈনিক
ইত্তেফাক

তারিখ 7 JUN 2010
পৃষ্ঠা ২০ কলাম ৪

জিয়ার নাম বাদ

# সংসদে 'বরিশাল বিশ্ববিদ্যালয় বিল' পাস

■ ইত্তেফাক রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে জিয়াউর রহমানের নাম বাদ দিয়ে 'বরিশাল,
বিশ্ববিদ্যালয় বিল' নামে একটি বিল গতকাল রবিবার জাতীয় সংসদে পাস
হয়েছে। এর আগে আইনটির শিরোনাম ছিল, শহীদ জিয়াউর রহমান
বিশ্ববিদ্যালয়, বরিশাল আইন ২০১০। বিলের ২নং ধারায় মূল নাম
পরিবর্তনের প্রস্তাব করা হয়।

এছাড়াও সংসদে গতকাল তিনটি বিল উত্থাপনের পর পরীক্ষা-
নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে পাঠানো হয়। অর্থমন্ত্রী আবুল মাল
আবদুল মুহিত ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা
(শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন ২০০০-এর
অধিক সংশোধন কল্পের ক্যাডার বহির্ভূত এরপর পৃষ্ঠা ১৯, কলাম ৬

## সংসদে বরিশাল

২০ পৃষ্ঠার পর

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী বিল ২০১০ বিল নামে একটি বিল জাতীয় সংসদে উত্থাপন করেন। বিলটি পরীক্ষা-নিরীক্ষার জন্য অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী দ্রুত অর্থনৈতিক উন্নয়ন তথা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন এবং রফতানী বৃদ্ধি ও বহুমুখিকরণে উৎসাহ প্রদানের জন্য পশ্চাৎপদ ও অনগ্রসর এলাকাসহ সম্ভাবনাময় সকল এলাকায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং এর উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণসহ আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল বিল ২০১০ জাতীয় সংসদে উত্থাপন করেন। এছাড়া তিনি ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক বিষয়ক আইনের সংশোধনকল্পে 'ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক বিল ২০১০' জাতীয় সংসদে উত্থাপন করেন। বিল দুটি উত্থাপনের পর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।